

## 163825 - নাপাকি দূর করার জন্য একাধিকবার ধৌত করা কি শর্ত?

### প্রশ্ন

বাচ্চাদের কাপড় নাপাক হওয়ার পর সেগুলো যদি ওয়াশিং মেশিনে দেয়া হয় সেক্ষেত্রে একবার ধৌত করাই কি যথেষ্ট; না কি দুই-তিনবার ধৌত করতে হবে?

### প্রিয় উত্তর

আলেমদের ইজমা বা সর্বসম্মতিক্রমে মানুষের পেশাব নাপাক। ইজমাটি উল্লেখ করেছেন নববী, ইবনুল মুনযির ও অন্যান্য আলেমগণ।

[দেখুন: আল-মাজমু (২/৫৬৭)]

শরিয়ত নাপাকি ধৌত করার ক্ষেত্রে সংখ্যাকে ধর্তব্যে আনেনি; কেবল কুকুরের কারণে নাপাক হওয়া জিনিস ব্যতীত। কুকুরের কারণে নাপাক হওয়া জিনিস সাতবার ধৌত করতে হবে; কোন একবার মাটি দিয়ে। এ ছাড়া অন্যান্য নাপাকির ক্ষেত্রে কোন সংখ্যা শর্ত নয়। বরং আবশ্যিক হল এমনভাবে ধৌত করা যাতে করে নাপাকি দূর হয়ে যায়; এমনকি একবার ধৌত করলে যদি হয়ে যায় সেটাও হতে পারে।

শাইখ উছাইমীন (রহঃ) বলেন: "সঠিক অভিমত হচ্ছে নাপাকিকে দূর করে স্থানটিকে পবিত্র করতে পারে এমন একবারের ধোয়াই যথেষ্ট; কেবল কুকুরের নাপাকি ছাড়া যেমনটি ইতিপূর্বে আলোচিত হয়েছে।

যদি একবারের ধৌতকরণে নাপাকি দূর না হয় তাহলে দ্বিতীয়বার বা তৃতীয়বার এভাবে ধোয়ার সংখ্যা বাড়াবে..." [আল-শারহুল মুমতি (১/৪২১) থেকে সমাণ্ড]

শাইখ উছাইমীনকে (রহঃ) জিজ্ঞেস করা হয়: অটোমেটিক ওয়াশিং মেশিনে ধৌতকৃত জামাকাপড় কি পবিত্র হবে; যে মেশিন স্বয়ংক্রিয়ভাবে কাজ করে কোন ব্যক্তির প্রয়োজন ছাড়া?

জবাবে তিনি বলেন: বোধহয় প্রশ্নকারী বোনের প্রশ্নের উদ্দেশ্য অপবিত্র কাপড় যদি এমন ওয়াশিং মেশিনে ধৌত করা হয় যা বিদ্যুৎচালিত তাহলে কি পবিত্র হবে; নাকি নয়?

জবাব: পবিত্র হবে। কেননা এ পানি নির্মল করে। "নাপাকি দূর করা" দ্বারা উদ্দেশ্য হল নাপাকির অস্তিত্ব যে কোন দূরকারীর মাধ্যমে দূরীভূত হওয়া। এমনকি যদি ধরে নেয়া হয় যে, কেউ তার কাপড় ছাদে দিয়েছে। এরপর বৃষ্টি নেমেছে ও বৃষ্টি কাপড়কে পবিত্র করেছে। সেক্ষেত্রেও কাপড়ের পবিত্রতা অর্জিত হবে। কেননা নাপাকি দূর করার জন্য নিয়ত শর্ত নয়।"[নুরুন আলাদ দারব ফতোয়াসমগ্র থেকে সমাণ্ড]

"স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র" (৪/১৯৬) এসেছে: "কোন কাপড় যদি পবিত্রকারী পানিতে ফেলে ধোয়া হয় যাতে করে কাপড় থেকে ময়লার আলামত দূর হয়ে যায় তাহলে কুকুরের নাপাকি ও অন্য সকল নাপাকি থেকে কাপড়টি পবিত্র হয়ে যাবে; তবে কুকুরের নাপাকির ক্ষেত্রে সাতবার ধোয়া শর্ত..."।[সমাপ্ত]

শাইখ আব্দুল আযিয বিন আব্দুল্লাহ্ বিন বায, শাইখ আব্দুল আযিয আলে শাইখ, শাইখ সালেহ আল-ফাওয়ান, শাইখ বকর আবু যায়েদ।

তাই কোন অপবিত্র কাপড় যদি ওয়াশিং মেশিনে ধৌত করা হয় এবং ময়লার চিহ্ন দূর হয়ে যায় তাহলে এর মাধ্যমে কাপড়টি পবিত্র হয়ে যাবে।

আল্লাহ্ই সর্বজ্ঞ।